# নৃত্যকলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে নিয়মিত মাস্টার্সে (১ বছর মেয়াদি) প্রোগ্রামে শূন্য আসনে পোস্ট গ্রাজুয়েট প্রোগ্রাম অব ডান্স

# ভর্তির আবেদন ফরম

সদ্য তোলা পাসপোর্ট সাইজের **ছবি**

রোল ______ সিরিয়াল নং: ______

১. আবেদনকারীর নাম (বাংলায়)...........................................................................................
(BLOCK LETTER in English)...........................................................................
২. পিতার নাম:.......................................................................................................
(BLOCK LETTER in English)...........................................................................
৩. মাতার নাম.......................................................................................................
(BLOCK LETTER in English)...........................................................................
৪. জাতীয় পরিচয়পত্র নম্বর.........................................................................................
৫. স্থায়ী ঠিকানা:.......................................................................................................
গ্রাম/শহর:......................................................ডাকঘর:.............................................থানা :..........................................................জেলা:...............................................

৬. বর্তমান ঠিকানা:.................................................................................................
.........................................................................................................ফোন নম্বর:............................................ই-মেইল আইডি:.............................................

শিক্ষাগত যোগ্যতা:

| **পরীক্ষার নাম** | **বোর্ড/বিশ্ববিদ্যালয়** | **পরীক্ষার সন** | **বিভাগ/জিপিএ সিজিপিএ/শ্রেণি** | **বিভাগ/বিষয়** |
|---|---|---|---|---|
| (ক) এসএসসি/সমমান | | | | |
| (খ) এইচএসসি/সমমান | | | | |
| (গ) স্নাতক (সম্মান) | | | | |
| (ঘ) স্নাতকোত্তর (মাস্টার্স) | | | | |

আমি অঙ্গীকার করছি যে, আমি স্বয়ং এই ফরম পূরণ করেছি এবং এতে প্রদত্ত বিবরণ সত্য।

**আবেদকারীর স্বাক্ষর**

**তারিখ ঃ**

**চেয়ারপার্সন**
নৃত্যকলা বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

**<u>আবেদনপত্রের সাথে যা জমা দিতে হবে ঃ-</u>**

১. জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
২. এসএসসি, এইচএসসি এবং স্নাতক (সম্মান) শ্রেণীর সনদ ও মার্কশীটের ফটোকপি।
৩. সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি।
৪. ভর্তি পরীক্ষার আবেদন বাবদ ২,৫০০/- টাকা জমা দিতে হবে। (তত্ত্বীয় ও ব্যবহারিক ও মৌখিক)।
৫. বিদেশি ডিগ্রির ক্ষেত্রে ভর্তি পরীক্ষার পূর্বেই সনদের সমতা নিরূপনের জন্য বিভাগীয় অফিসের সাথে যোগাযোগ করে কলা অনুষদে আবেদন করতে হবে।
৬. ৫ বছরের নৃত্য গুরু/নৃত্য প্রতিষ্ঠান কর্তৃক অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি।
৭. ভুল, অসত্য ও অসম্পূর্ণ আবেদনপত্র ভর্তির জন্য বিবেচিত হবে না।

## ভর্তির নীতিমালা

১. নিয়মিত মাস্টার্স প্রোগ্রামে শূন্য আসনে ভর্তিকৃত শিক্ষার্থীরা নিয়মিত শিক্ষার্থী হলেও তারা অনাবাসিক শিক্ষার্থী হিসেবে বিবেচিত হবে।
২. বিদেশি (বিদেশি পাসপোর্ট ও বিদেশি ডিগ্রিধারী) শিক্ষার্থীরা আবাসিক সুযোগ-সুবিধা পাবে।
৩. বিভাগের নিয়মিত মাস্টার্স প্রোগ্রামে শূন্য আসন থাকা সাপেক্ষে ভর্তি কার্যক্রম অনুষ্ঠিত হবে। স্নাতক (সম্মান) শ্রেণিতে ড্রপ-আউট জনিত কারণে এবং স্নাতক (সম্মান) শ্রেণিতে উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে যারা নির্ধারিত সময়ে মাস্টার্স প্রোগ্রামে ভর্তি হবে না তাদের আসনও শূন্য বলে বিবেচিত হবে।
৪. বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক এই নীতিমালা পরিবর্তন হতে পারে।

## ভর্তির যোগ্যতা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩০.১০.২০২২ তারিখের সিন্ডিকেট সভায় অনুমোদিত নিয়মিত মাস্টার্স প্রোগ্রামে শূন্য আসনে ভর্তির নীতিমালার আলোকে ও ২১/০৮/২০২৩ তারিখের নৃত্যকলা বিভাগে একাডেমিক কমিটির সভার সিদ্ধান্তক্রমে নিম্নলিখিত শর্ত ভর্তির যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১. পাবলিক/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) কর্তৃক অনুমোদিত জাতীয় বিশ্ববিদ্যালয়সহ যেকোনো বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো বিষয়ে ন্যূনতম চার বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রিপ্রাপ্ত শিক্ষার্থীরা নিয়মিত মাস্টার্স প্রোগ্রামে শূন্য আসনে ভর্তির জন্য আবেদন করতে পারবে। মাস্টার্স প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে প্রার্থীর বয়স ও শিক্ষাবর্ষের কোনো বাধ্যবাধকতা থাকবে না। তবে প্রার্থীকে অবশ্যই নৃত্যে পারদর্শী হতে হবে।
২. প্রার্থীদের মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদ কর্তৃক সর্বশেষ শিক্ষাবর্ষে নির্ধারিত যোগ্যতার শর্ত পূরণ করতে হবে।
৩. প্রার্থীদের স্নাতক (সম্মান) পরীক্ষায় ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.২৫/দ্বিতীয় বিভাগে ৫৫% নম্বর থাকতে হবে। স্নাতকোত্তর ডিগ্রি অর্জনকারী শিক্ষার্থীরাও ভর্তির জন্য আবেদন করতে পারবে। ঢাকা বিশ্ববিদ্যালয়/অভ্যন্তরীণ প্রার্থীদেরও এ শর্ত পূরণ করতে হবে।
৪. বিদেশি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি অর্জনকারী শিক্ষার্থীরা অনুষদ কর্তৃক ডিগ্রির সমতা নিরূপণ সাপেক্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে।
৫. বিদেশি শিক্ষার্থীদের ক্ষেত্রে (বিদেশি পাসপোর্ট ও বিদেশি ডিগ্রিধারী) স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি অর্জনকারী শিক্ষার্থীরা অনুষদ কর্তৃক ডিগ্রির সমতা নিরূপণ সাপেক্ষে সরাসরি ভর্তির জন্য আবেদন করতে পারবে।
৬. প্রার্থীর নূন্যতম ৫ বছরের নৃত্য গুরু/নৃত্য প্রতিষ্ঠান কর্তৃক অভিজ্ঞতার সনদপত্র থাকতে হবে।

## ভর্তি প্রক্রিয়া

১. ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণার পর ইচ্ছুক শিক্ষার্থীদের নির্ধারিত আবেদনপত্রের মাধ্যমে নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে আবেদন করতে হবে। ভর্তি পরীক্ষা লিখিত, ব্যবহারিক ও মৌখিক নৃত্যকলা অংশে সর্বমোট ১০০ নম্বরের ভিত্তিতে নির্ধারিত তারিখে অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষা ৫০ নম্বরের হবে। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় ৫০ নম্বর থাকবে। ব্যবহারিক পরীক্ষায় প্রার্থীকে অবশ্যই নৃত্য উপযোগী সংগীত ও সাজসজ্জা সহকারে অংশগ্রহণ করতে হবে।
২. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে নিয়মিত মাস্টার্স প্রোগ্রামে শূণ্য আসনে মেধাক্রমানুসারে ভর্তি কার্যক্রম সম্পন্ন হবে।
৩. লিখিত পরীক্ষায় প্রাপ্ত ২০ নম্বর পাস বলে বিবেচিত হবে।
৪. ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিয়মিত ভর্তি কোটা বিধি মোতাবেক বহাল থাকবে।
৫. ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখে তত্ত্বীয়, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।
৬. লিখিত পরীক্ষার বিষয়সমূহ: নৃত্য বিষয়ক : নৃত্যের উৎপত্তি ও ক্রমবিকাশ, শাস্ত্রীয় নৃত্য, তাল ও ছন্দ, লোকনৃত্য ও বিশ্ব নৃত্য।

**গুরুত্বপূর্ণ তথ্যাবলি ও তারিখসমূহঃ**

| | |
|---|---|
| ১. মোবাইল নম্বর/ অফিস | : ০১৯২২-২৪৭৫৬৯ অথবা পিএবিএক্স ৯৬৬১৯০০-৭৩/৬৩৬১ |
| ২. আবেদনের শেষ তারিখ | : ১৪/০৫/২০২৬, (প্রবেশপত্র ই-মেইলে পাঠানো হবে)। |
| ৩. লিখিত পরীক্ষার বিষয়সমূহ | : ক) নৃত্যের উৎপত্তি ও ক্রমবিকাশ খ) শাস্ত্রীয় নৃত্য গ) তাল ও ছন্দ ঘ) লোকনৃত্য ঙ) বিশ্ব নৃত্য |
| ৪. ভর্তি পরীক্ষা গ্রহণ | : নৃত্যকলা বিষয়ে মোট ১০০ নম্বরে পরীক্ষা অনুষ্ঠিত হবে। |
| | ক) লিখিত পরীক্ষার নম্বর : ৫০। |
| | খ) ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার নম্বর : ৫০। |
| ৫. ভর্তি | : ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ ২৩ জুন ২০২৬। |
| ৬. ক্লাস শুরু | : পরবর্তীতে জানানো হবে। |
| ৭. ফরমের মূল্য | : ২,৫০০/- টাকা |